



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

শহীদ আব্দুর রব সেরনিয়াবাত কেন্দ্রীয় লাইব্রেরির আটোমেশন কার্যক্রম উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৮ ডিসেম্বর ২০২২খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শহীদ আব্দুর রব সেরনিয়াবাত কেন্দ্রীয় লাইব্রেরির আটোমেশন কার্যক্রম উদ্বোধন করা হয়েছে। ১৮ ডিসেম্বর ২০২২ তারিখ দুপুর ১২ টায় ফিতাকেটে এ কার্যক্রম আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের অংশ হচ্ছে এই আটোমেশন কার্যক্রম। এখন থেকে এই কার্যক্রমের সুফল ভোগ করবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থীসহ সংশ্লিষ্টরা। কেন্দ্রীয় লাইব্রেরির এই আটোমেশন শিক্ষক-শিক্ষার্থীদের গবেষণা কার্যক্রম চালিয়ে যেতে সহায়তা প্রদান করবে। এর ফলে তাদের গবেষণা কার্যক্রম আরও বেগবান হবে। উপাচার্য মহোদয় এই কার্যক্রমের সাথে জড়িত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ড্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান উঁইয়া। লাইব্রেরিয়ান ড. ধীমান কুমার রায়ের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, প্রভোস্ট, পরীক্ষা নিয়ন্ত্রক, বিভিন্ন বিভাগের শিক্ষকমন্ডলী, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ লাইব্রেরি সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। লাইব্রেরি আটোমেশনের মাধ্যমে এখন থেকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা তাদের বিশ্ববিদ্যালয়ের স্মার্ট আইডি কার্ড ব্যবহার করে সফটওয়্যারের মাধ্যমে যেকোন যায়গায় বসে লাইব্রেরিতে বিদ্যমান যেকোন বই খুব সহজেই পড়তে পারবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মৃধা

প্রশাসনিক কর্মকর্তা

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়